

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০১.১৬. ৩৬

তারিখ : ০২ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

### অফিস আদেশ

যেহেতু ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় বিগত ৩০ অক্টোবর, ২০১৬ তারিখে হিন্দু সম্প্রদায়ের উপর হামলা এবং বাড়িঘর ভাঙচুরের ঘটনায় একাধিক মামলা হয় এবং উক্ত ঘটনাটি একটি চাঞ্চল্যকর ঘটনা;

যেহেতু উক্ত ঘটনায় সম্পৃক্ততার অভিযোগে হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব দেওয়ান আতিকুর রহমান আঁখি নাসিরনগর থানার মামলা নং-২২, ধারা-দণ্ডবিধি ১৪৩/৪৪৭/৪৪৮/২৯৫/২৯৫(ক)/৩৮০/৪২৭-এ গত ০৫ জানুয়ারি, ২০১৭ তারিখে গ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীন আছেন;

যেহেতু, তাঁর এরূপ কর্মকান্ড স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী ক্ষমতার অপব্যবহারের আওতাভুক্ত অপরাধ করায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, নাসিরনগর উপজেলার হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান দেওয়ান আতিকুর রহমান আঁখিকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০১.১৬. ৩৭

তারিখ : ০২ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।  
১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব দেওয়ান আতিকুর রহমান আঁখি, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), হরিপুর ইউনিয়ন পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব